গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয় ৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী অনুষ্ঠিত গণশুনানী সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৩ জানুয়ারি, ২০২২খ্রি |
| সভার সময় | বেলা ১০.৩০ টা |
| স্থান | অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গণশুনানীর কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, জনপ্রশাসনে দায়বদ্ধতা বৃদ্ধি ও নাগরিক সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্ত প্রাতিষ্ঠানিক গণশুনানী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ৩.৩-এ অন্তর্ভূক্ত করা হয়েছে। তিনি বলেন, দেশে সুশাসন প্রতিষ্ঠা করে প্রান্তিক জনসাধারণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে সকলকে সমন্বিতভাবে কাজ করার আহবান জানান।

অত:পর সভাপতি পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)কে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ জানান, তিনি বলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাদকবিরোধী কার্যক্রমকে গণআন্দোলনে রুপান্তর করার লক্ষ্যে বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে সম্পৃক্ত করে একটি Action Plan প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ সারাদেশে মাদকের বিরুদ্ধে একটি কণ্ঠ আপনারা শুনতে পাবেন। Action Plan চূড়ান্ত হলে মাদকের অবব্যবহার অনেকাংশে কমে আসবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০২। অত:পর সভাপতি উপস্থিত স্টেকহোল্ডারগণকে তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য আহবান জানান এবং নাগরিক সেবার মান বৃদ্ধিতে সেবা দাতাদের পাশাপাশি স্টেকহোল্ডারগণ এর ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের বিষয়ে গুরুত্বারোপ করেন।

০৩। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :

- সৃষ্টি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র থেকে আগত প্রতিনিধি বলেন, বেসরকারি মাদকাক্তি নিরাময় কেন্দ্র নিয়মিতভাবে পরিদর্শনের বিধান রয়েছে। সম্প্রতি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে একটি নির্দেশনা জারি করা হয়েছে যে, প্রশাসনের লোকজন সময়ে সময়ে মাদকাক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন করবেন। বিভিন্ন সময় বিভিন্ন সংস্থার লোকজন পরিদর্শন করতে আসার পরিবর্তে নোডাল এজেন্সি হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তাগণ পরিদর্শন করলে ভালো হয়। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, জাতীয় মাদকবিরোধী কমিটির ২য় সভায় এ বিষয়ে একটি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো চেকলিস্ট অনুযায়ী মনিটরিং করার জন্য জেলা মাদকদ্রব্য

নিয়ন্ত্রণ ও প্রচার কমিটিকে দায়িত্ব দেয়া যেতে পারে। এলক্ষ্যে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির কার্যপরিধিতে জেলাস্থ বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শন করে অধিদপ্তরের চেকলিস্ট অনুযায়ী বাস্তবে কি আছে/কি নেই তা তুলনামূলক এ্যানালাইসিস/গ্যাপ এ্যানালাইসিস করে বিভাগীয় মনিটরিং কমিটির মাধ্যমে প্রতিবেদন প্রদান করবেন মর্মে পত্র দেয়া হয়েছে।

- জনাব উম্মে জান্নাত, প্রতিনিধি, ঢাকা আহসানিয়া মিশন বলেন, মাদকের বিরুদ্ধে জনসচেতনতা তৈরি সংক্রান্ত মাসিক প্রতিবেদন অধিদপ্তরে এসে জমাদান করতে হয়। অধিদপ্তরে না এসে অনলাইনে প্রতিবেদন জমাদান করা যাবে কিনা? এ বিষয়ে জনাব মোহাম্মদ উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বলেন, ইতোমধ্যে বিলাতীমদের ব্র্যান্ড রেজিষ্ট্রেশন ডিজিটাইজেশনের মাধ্যমে কোন স্টেকহোল্ডারকে অফিসে এসে আবেদন না করে সংশ্লিষ্ট লিংকে আবেদন করলে তা দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়ে থাকে। এক্ষেত্রে কোন প্রতিবেদন বা আবেদন অফিসে না এসে অনলাইনে করা যাবে।
- জনাব কাজী আবেদ হোসেন, পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) বলেন, ইতোমধ্যে এ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। বিষয়টি সেবা গ্রহীতাগণকে এবং অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে ওয়ার্কসপের মাধ্যমে অবহিত করার উপর গুরুত্বারোপ করেন।

৪। অতপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | বেসরকারি মাদকাক্তি নিরাময় কেন্দ্র নিয়মিতভাবে পরিদর্শন এবং চেকলিস্ট অনুযায়ী মনিটরিং অব্যাহত রাখতে হবে। অধিদপ্তরের চেকলিস্ট অনুযায়ী বাস্তবে কি আছে/কি নেই তা তুলনামূলক এ্যানালাইসিস/গ্যাপ এ্যানালাইসিস করে বিভাগীয় মনিটরিং কমিটির মাধ্যমে প্রতিবেদন প্রদান করবেন। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |
| ৪.২ | মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহে খন্ডকালীন সাইকিয়াট্রিস্ট/ডাক্তার থাকার বিষয়ে গুরুত্বের সাথে পর্যবেক্ষণ করতে হবে। একই সাইকিয়াট্রিস্ট/ডাক্তার একাধিক নিরাময় কেন্দ্রে চিকিৎসা সেবা প্রদান করতে পারবেন। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) |
| ৪.৩ | মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের মাসিক প্রতিবেদন পরবর্তী সভার পূর্বে প্রতিবেদনের বিশেষ কোনো উল্লেখযোগ্য বিষয় থাকলে তার ব্যবস্থা গ্রহণসহ অনলাইনে/ই-মেইলে জমা প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)/ সিস্টেম এনালিস্ট |
| ৪.৪ | এ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ সেবা গ্রহীতাগণকে এবং অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে ওয়ার্কসপের মাধ্যমে অবহিত করতে হবে। | পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা) |
| ৪.৫ | প্রিকারসর কেমিক্যাল আমদানীর ক্ষেত্রে ইমপোর্ট অথরাইজেশনের সময় অতিক্রান্ত হয়ে গেলে যৌক্তিকতা উল্লেখ করে আবেদন করলে সময় বৃদ্ধি করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | পরিচালক (নিরোধ শিক্ষা) |

| | | |
|---|---|---|
| ৪.৬ | প্রাতিষ্ঠানিক গণশুনানী মহাপরিচালক মহোদয়ের নির্দেশনামতে আয়োজন করতে হবে। গণশুনানী অনুষ্ঠান পৃথক পৃথকভাবে করতে হবে। | সহকারী পরিচালক (জনসংযোগ) |

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.১৬.০৩২.১৯.৮০

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৮
২৪ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ দৃ: আ: অতিরিক্ত সচিব(মাদক অনুবিভাগ)], ।

২) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা, ।

৩) চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা, ।

৪) প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা, ।

৫) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, ।

৬) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), ।

৭) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা, ।

৮) সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা, ।

৯) উপপরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,..........................................., ।

১০) সহকারী পরিচালক (..........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.........................., ।

১১) সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা, ।

১২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ।

১৩) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ।

মোহাম্মদ মামুন
উপপরিচালক